

বিচিত্র সন্ধিতে আবদ্ধ জীবন

-ফজলে এলাহি মুজাহিদ

বিচিত্র সন্ধিতে স্বাক্ষর করছি আমরা এখন।
রাত দুপুরে জেগে থাকার স্বাক্ষর
অন্ধকারে বেঁচে থাকার স্বাক্ষর
সাগর সম কান্নাকে বুকে লুকিয়ে হাসতে পারার স্বাক্ষর।

জীবনের অজস্র দিনকালের বিভাজনে সূক্ষ্ম হয় সময়
একান্ত আমার, একান্ত আমাদের, সম্মিলিত মানবের
টুকরো টুকরো সময়গুলো যেন এক একটি দলিল
যাতে সন্ধিবদ্ধ হয় প্রতিটি জীবন, জগতের সীমানায়।
চুক্তি মোতাবেক প্রাপ্তি হয় অপ্রত্যাশিত
আর প্রত্যাশারা বঞ্চিত হয় প্রাপ্তির চুক্তিতে,
নমিত অবয়বেরা নিয়তই অর্জন করে স্বাক্ষরিত উপার্জন
বিশুদ্ধ বাতাসের মোড়কে, অশুদ্ধ-বিষাক্ত নিঃশ্বাস
সুপেয় পানির স্রোতে বর্জ্যের অদৃশ্য মিশ্রণ
তড়িৎ প্রবাহের দাবিপত্রের জবাব বাধ্যতামূলক;
অথচ রাত্রিময় আলো-আঁধারির লুকোচুরি।

কথা ছিল উনুনে জ্বলবে আগুন
বিচিত্র সন্ধিতে সে আগুনে পোড়ে অভুক্ত উদর,
জ্বালানী আছে তো প্রয়োজনে পোড়ে না তা
প্রয়োজনে পোড়ে তো দানা নেই শূন্য হাড়িতে।
চুক্তির গুণে রাজপথ এখন আর পথের রাজা নয়
রাজার পথ, পাঁচ বছরের ব্যালটীয় সন্ধিতে।

স্বাধীনতার লাল-সবুজের ভূমি-জুড়ে নাগরিক কারাগার
(ডিজিটাল) চুক্তিতে বন্দি যেখানে কলম, কীবোর্ড
পরাধীনতার তীব্র তিক্ত স্বাদে জিহ্বাগুলো সাজায় না স্বর
বন্দি বাক শ্লোগানে, আবেদনে, কান্নায়, দূর্দশায়, ক্লান্তিতে
হুংকার হয়ে উঠে ফিসফিস, কানাকানি, ইশারা-ইঙ্গিত।

তবু মরতে মরতে বেঁচে উঠি সন্ধি ভেঙ্গে
বাঁচতে চাই চুক্তিপত্র ছিঁড়ে কুটি কুটি করে,
কেবল বেরতে পারি না অলিখিত এই সন্ধিবদ্ধ জীবন থেকে।
একের মেয়াদ ফুরোয় তো অন্যের হয় অভিষেক
বিচিত্র সন্ধিতে জেগে থাকি নিদ্রিত সময়ে
বিনিদ্র জীবনকে আগলে রাখি সন্ধির চাদরে
হাসতে হাসতে কষ্টের কান্নাগুলো মিলিয়ে দেই বাঁচার প্রশ্বাসে।

৬ জুন ২০১০

মদীনা মুনাওয়ারা, সউদি আরব।

efaz77@gmail.com

www.fazleelahi.com